মুজিবনগরে সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের গণসংযোগ

আগামী জাতীয় নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে পুনরায় নির্বাচিত করে উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে নৌকা প্রতীকে ভোট চেয়ে গনসংযোগ করেছেন মেহেরপুর ১ আসনের আওয়ামীলীগের (সাবেক) এমপি প্রফেসর আব্দুল মান্নান।

বুধবার বিকেল থেকে তিনি কেদারগঞ্জ বাজার, বল্লভপুর, রতনপুর, বাগোয়ান, জয়পুর, তারানগর ও আনন্দবাসের এই গণসংযোগ করেন।

এ সময় তিনি সাধারণ জনগণের মাঝে প্রধানমন্ত্রীর শেখ হাসিনার উন্নয়নমূলক কর্মকান্ড তুলে ধরেন এবং এই উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য আগামী জাতীয় নির্বাচনে নৌকা প্রতীকে ভোট দিয়ে আবারো আওয়ামীলীগ তথা শেখ হাসিনাকে ক্ষমতায় এনে তার হাত ধরে বাংলাদেশ কে বিশ্বের এক মর্যাদা পূর্ণ স্থানে আসিন করার আহ্বান জানান।

মেহেরপুরে সড়ক সম্প্রসারণের জন্য অবৈধ স্থাপনা উচ্ছেদ শুরু

মেহেরপুরে বিভিন্ন সময় গড়ে ওঠা সড়ক ও জনপদের জায়গায় অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। বুধবার সকাল থেকে বিকাল পর্যন্ত মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড থেকে শুরু করে ওয়াবদার মোড় হয়ে দিঘির পাড়া পর্যন্ত অবৈধ স্থাপনা বুলডোজার দিয়ে গুড়িয়ে দেয়া হয়।

গত ১ সপ্তাহ যাবত স্থাপনা সরিয়ে নেওয়ার জন্য গণ-বিজ্ঞপ্তি জারি ও মাইকিং করা হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে যারা স্থাপনা সরিয়ে নেয়নি তাদের স্থাপনা উচ্ছেদ করা হয়েছে।

সড়ক ও জনপদ বিভাগের খুলনা বিভাগীয় উপ-সচিব ও আইন কর্মকর্তা অনিন্দ্যিতা রায়’র নেতৃত্বে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযানে

মেহেরপুর সড়ক ও জনপদ বিভাগের কর্মকর্তাসহ পুলিশ, ফায়ার সার্ভিসের সদস্যরা অংশগ্রহণ করেন। মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড মোড় এলাকা থেকে শুরু করে ওয়াবদার মোড়, মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সামনে এবং কুষ্টিয়া সড়কের দিঘীরপাড়া পর্যন্ত প্রথম দিনে উচ্ছেদ অভিযান চলে।

সড়ক ও জনপদ বিভাগের খুলনা বিভাগীয় উপ-সচিব ও আইন কর্মকর্তা অনিন্দ্যিতা রায় জানান, সরকার মেহেরপুর -কুষ্টিয়া সড়ক চারলেনে প্রশস্থকরণ কাজ শুরু করেছে । সে কারণে মেহেরপুর কুষ্টিয়া সড়কের ৩০ কিলোমিটারে অবস্থিত রাস্তার দুইপাশের সকল অবৈধ স্থাপনা ও ফুটপাত দখলদারদের উচ্ছেদ করতে জেলা প্রশাসন, পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যদের নিয়ে এই অভিযান পরিচালনা করা হচ্ছে।

তিনি আরো জানান, আগামী ৪ দিন এ উচ্ছেদ অভিযান চালিয়ে ৩০ কি:মি: সড়ক দখলমুক্ত করা হবে।মেহেরপুর- কুষ্টিয়া চারলেন সড়ক নির্মান কাজের জন্য মুলত এই অভিযান। উচ্ছেদ অভিযান পরিচালনা করার আগে সকল ব্যবসা প্রতিষ্ঠান ও দখলদারদের নোটিশ প্রদান করা হয়।

অভিযানকালে মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী মনজুরুল করিম, উপ-সহকারী প্রকৌশলী মিজানুর রহমানসহ জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও ফায়ার সার্ভিসের টিম উপস্থিত ছিলো।

গাংনীতে প্রাণীসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলা প্রাণিসম্পদ অফিসের উদ্যোগে প্রাণী সম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী অনুষ্ঠানের উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে উপজেলা প্রাণিসম্পদ প্রাঙ্গণে এ অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক প্রধান অতিথি হিসেবে

থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন।

উপজেলা সহকারী কমিশনার নাদির হোসেন শামীমের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা ট্রেনিং অফিসার ডাঃ শেখ মোঃ মশিউর রহমান। এসময় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ও উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের প্রাণিসম্পদ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং খামারিরা উপস্থিত ছিলেন।

৫০ টি স্টলের মাধ্যমে গরু, ছাগল, ভেড়া, হাঁস-মুরগি ও কবুতরসহ বিভিন্ন রকম প্রাণীর প্রদর্শন করা হয়।

মুজিবনগরে জাতীয় বিমা দিবস পালিত

“আমার জীবন আমার সম্পদ, বীমা করলে থাকবে নিরাপদ” এই প্রতিপাদ্যে মুজিবনগরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় বীমা দিবস।

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, জাতীয় বীমা দিবস উপলক্ষে বুধবার সকাল সাড়ে ১০ টা সময় উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের নেতৃত্বে পরিষদ চত্তর থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি সড়ক পরিদর্শন শেষে একই জায়গায় শেষ হয়ে উপজেলা অডিটরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন,উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ সামসুজ্জোহা, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম সহ উপজেলার কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

মেহেরপুরে প্রাণীসম্পদ প্রদর্শনীর উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠান

মেহেরপুর সদর উপজেলা প্রাণিসম্পদ প্রদর্শনী উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

আজ সকালে মেহেরপুর প্রাণিসম্পদ অফিসের নিজস্ব কার্যালয়ে পানি সম্পদ প্রদর্শন এর উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেনারি হাসপাতালের আয়োজনে সদর ভেটেরিনারি সার্জন সাকিবুল ইসলামের সঞ্চালনায়, জেলা সহকারী কমিশনার ভূমি আবদুল্লাহ আল বাকীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লিউজা-উল জান্নাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা পানি সম্পদ কর্মকর্তা হারিমুল আবিদ, জেলা প্রাণীসম্পদ সম্পাসারন কর্মকর্তা বশির আহমেদ, উপজেলা কৃষি কর্মকর্তা আলমগীর হোসেন, প্রাণিসম্পদ অফিস কর্মকর্তা রহমতুউল্লহ, বক্তব্য রাখেন সদর উপজেলা চাঁদবিল গ্রামের খামারি তারিকুল ইসলাম। এছাড়াও প্রাণিসম্পদ কর্মকর্তা কর্মচারীরা ও খামারিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রাণিসম্পদ প্রদর্শনী ও সমাপনী মেলায় ৫০ টি স্টল ছিল। বিভিন্ন এলাকার খামারিরা, গরু, গাভী, মহিষ ছাগল,গাড়ল, ভেড়া, কবুতর, টার্কি মুরগিসহ বিভিন্ন পশু এই মেলায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে শ্রেষ্ঠ খামারিদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

গাংনীতে জাতীয় বীমা দিবস পালিত

জাতীয় বীমা দিবস উপলক্ষে গাংনীতে উপজেলা প্রশাসনের আয়োজন শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার(০১ মার্চ) সকাল সাড়ে ৯ টার সময় সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীমের নেতৃত্বে একটি শোভাযাত্রা বের করা হয়। উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে প্রথম গেট দিয়ে বের হয়ে দ্বিতীয় গেট দিয়ে ঢুকে একই স্থানে শেষ হয়।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা মৎস্য কর্মকর্তা সহিদুর রহমান, উপজেলা নির্বাচন অফিসার আব্দুল আজিজ, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন বীমা কোম্পানির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

শোভাযাত্রা শেষে উপজেলা পরিষদ সভাকক্ষে সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীমের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে শাওমি অফিসিয়াল ব্র্যান্ড শপ এর উদ্বোধন

মুজিবনগরে কেদারগঞ্জ বাজার হাই স্কুল মার্কেটে শাওমি মোবাইল ফোনের অফিসিয়াল ব্র্যান্ড শপের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে ব্র্যান্ড শপের উদ্বোধন অনুষ্ঠিত হয় বাগওয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন এবং বাগোয়ান ইউপি ১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এবং কেদারগঞ্জ বাজার ব্যবসায়ী কমিটির সভাপতি ফারুক হোসেন প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে কেক ও ফিতা কেটে ব্র্যান্ড শপের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন শাওমি মোবাইল ফোনের এরিয়া সেলস ম্যানেজার মশিউর রহমান, রিজিওনাল ম্যানেজার হুমায়ুন কবির, রিটেইল প্রোগ্রাম ম্যানেজার মাহবুবুর রহমান, চ্যানেল সেলস ম্যানেজার আশীষ কুমার,বাগোয়ান ইউপি ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জহির উদ্দীন, উপজেলা মৎস্য লীগের সাধারণ সম্পাদক ফারুক হোসেন (শাহিন),কেদারগঞ্জ বাজার মসজিদ কমিটির সভাপতি রেজাইল ইসলাম।

মুজিবনগরে গুডনেইবার্সের উদ্যোগে সরকারি স্কুল শিক্ষকদের প্রশিক্ষণ

মুজিবনগরের গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর উদ্যোগে উপজেলার সরকারি মাধ্যমিক ও প্রাথমিক স্কুলের ইংরেজি ও গণিত শিক্ষকদের বেসিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে উপজেলার বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয় এবং বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালা মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার বিভব দেওয়ান, উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ সামসুজ্জোহা, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, গুডনেইবার্স এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ।

প্রশিক্ষণ কর্মশালায় উপজেলার ৫টি মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন করে ইংরেজি ও অংকের শিক্ষক এবং ৫টি প্রাথমিক বিদ্যালয়ের ১জন করে অঙ্ক ও ইংরেজি শিক্ষক নিয়ে মোট ২০ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন।

মাধ্যমিক পর্যায়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর সহকারী শিক্ষক মোশারফ হোসেন এবং ফিরাতুল ইসলাম। প্রাথমিক পর্যায়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, কেদারগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহজাহান আলী এবং মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক রাজিব মিয়া।

ঢাকাস্থ হাটবোয়ালিয়া কমিউনিটি ফোরামের কমিটি গঠন

বৃহত্তর হাটবোয়ালিয়া অঞ্চলকে এগিয়ে নিতে ঢাকাস্থ হাটবোয়ালিয়া অঞ্চলের কমিউনিটি ফোরাম বিগত দুই বছর থেকে কাজ করছে।

এর ধারাবাহিকতায় কাজের গতি বৃদ্ধির জন্য মিজানুর রহমান হেলালকে আহবায়ক ও মোস্তাফিজুর রহমানকে সদস্য সচিব করে ১৫ সদস্যবিশিষ্ট একটি কার্যনির্বাহী কমিটি গঠন করেছে কমিউনিটি ফোরাম।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, যুগ্ন আহবায়ক জাহিদুল ইসলাম (মোমিন), অর্থ সম্পাদক নেছার উদ্দিন, নির্বাহী সদস্য ফখরুল ইসলাম সেলিম, নাজমুল হুদা নুর, হালিম নজরুল, শাহিন আলম, রাসেল উদ্দিন, তরিকুল ইসলাম, শাহিন মাহমুদ, জয়নব জয়া, রাজু আহমেদ, ইঞ্জিনিয়ার হাসান, মহিউদ্দিন।

রাজধানী (ঢাকা)‘র ধানমন্ডিতে আমেরিকান রেস্টুরেন্ট “টনি রমাসে” গত শুক্রবার (২৪ ফেব্রুয়ারি) এক মিটিং এর মাধ্যমে এ কমিটি গঠিত হয়।

কমিটি গঠনের পর বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেন কমিউনিটি ফোরাম। এর মধ্যে রয়েছে বৃহত্তর হাটবোয়ালিয়া অঞ্চলের দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের কে আর্থিক সহায়তা প্রদান করা। ঢাকাস্থ হাটবোয়ালিয়া অঞ্চলের যে সকল ছাত্র-ছাত্রী বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে অধ্যায়নরত তাদেরকে সংযুক্ত করা। মেধাবী বেকার ছেলে-মেয়ে কে যোগ্যতা অনুযায়ী চাকুরীর ব্যাবস্থা করে দেয়া সহ আরো কিছু কার্যক্রম।

নবনির্বাচিত কমিটির আহ্বায়ক মিজানুর রহমান হেলাল বলেন, আমরা দীর্ঘদিন ঢাকাতে বসবাসরত বৃহত্তর হাটবোয়ালিয়া অঞ্চলের মানুষকে সম্পৃক্ত করার চেষ্টা করছি। ২০২১ সালে আমাদের পথ চলা শুরু, এরমধ্যে আমরা বৃহত্তর হাটবোয়ালিয়া অঞ্চলের মানুষকে নিয়ে দুটি সফল মিলনমেলা করেছি।

সোশ্যাল মিডিয়ায় আমাদের হোয়াটসঅ্যাপ গ্রুপ সহ একটি সক্রিয় ফেসবুক গ্রুপ রয়েছে যেটার নাম – “”Hatboalia Community Forum হাটবোয়ালিয়া আঞ্চলিক কমিউনিটি ফোরাম (ঢাকা)” আমাদের সকল

কার্যক্রম আমাদের ফেসবুক গ্রুপে প্রতিনিয়ত আমরা প্রকাশ করে থাকি।

তিনি বলেন, এই কমিউনিটি ফোরাম বৃহত্তর হাটবোয়ালিয়ার উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে বলে আমি আশা প্রকাশ করি। সকলের সহযোগিতা পেলে এই কমিউনিটি ফোরাম কে একদিন রোল মডেল হিসেবে আপনারা দেখতে পাবেন।

তিনি আরো বলেন, এই কমিউনিটি ফোরাম সম্পুর্ন অরাজনৈতিক ও অসাম্প্রদায়িক, ধর্মীয় এবং রাজনৈতিক কোন বিষয় কখনই এই কমিউনিটি ফোরাম কে স্পর্শ করতে পারবে না। এই কমিউনিটি ফোরাম কে এগিয়ে নিতে তিনি সকলের সক্রিয় সহযোগিতা প্রত্যাশা করেন।

এসময় উপস্থিত ছিলেন শ্রদ্ধেয় আবুল কাসেম স্যার, মোঃ তোফাজ্জেল হোসেন স্বপন, আল ইমরান, বশির আহমেদ, আল বাশার, ইসমাইল হোসাইন ,পলাশ প্রমূখ।

এই কমিটি আগামী এক বছরের মধ্যে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করবে।

গাংনীতে কৃষক হত্যা মামলায় কৃষকলীগ নেতা আতিয়ার সহ ৮ জনের যাবজ্জীবন

মেহেরপুরের গাংনী উপজেলার ধলা গ্রামের কৃষক এনামুল হক নইলো হত্যা মামলায় গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি আতিয়ার রহমানসহ ৮ জনকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ডাদেশ দিয়েছেন আদালত।

আজ মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিজ্ঞ বিচারক শহিদুল্লাহ আসামীদের উপস্থিতিতে এ রায় প্রদান করেন।

দণ্ডিতরা হলেন- ধলা গ্রামের ছইফতুল্লাহর ছেলে আতিয়ার রহমান, মহব্বত আলীর ছেলে ছামিদুল ইসলাম, রহমতুল্লাহর ছেলে শাহার আলী, শাহার আলীর ছেলে টিপু সুলতান, গোলাম হোসেনের ছেলে আব্দুল

খালেক, আহম্মদ আলীর ছেলে আক্তারুজ্জামান, জার্মান ওরফে দফের আলীর ছেলে মান্নান ওরফে মানা ও আজিত বক্সের ছেলে জিল্লুর রহমান।

মামলার বিবরনে জানা যায়, ২০১৭ সালের ২৯ জুলাই সন্ধ্যায় ধলা গ্রামের আক্কাস আলীর ছেলে এনামুল হক নইলোকে পূর্ব শত্রুতার জেরে স্থানীয় নওপাড়া নবীনপুর ঈদগাহ ময়দানের পাশে হত্যা করে গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি আতিয়ারসহ ৯ জন। এ ব্যাপারে নিহতের ভাই আজমাইন হোসেন টুটুল বাদী হয়ে গাংনী থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। যার নং ৩৪। সেশন ১৬৯/১৮ ও জিআর ২৪১/১৭। পরবর্তীতে মামলাটি সিআইডিতে স্থানান্তর করা হয়। সিআইডির উপ-পরিদর্শক হাসান ইমাম মামলার তদন্ত শেষে ৮ জনের বিরুদ্ধে আদালতে চার্জশীট প্রদান করেন।

বিজ্ঞ আদালত বাদী বিবাদী পক্ষের আইনজীবীর যুক্তিতর্ক ও ১৫ জন স্বাক্ষিদের সাক্ষ্য গ্রহণ শেষে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় প্রত্যেককে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ড প্রদান করেন।

মামলায় রাষ্ট্রপক্ষে কৌশলী ছিলেন (পিপি) পল্লব ভট্টাচার্য ও আসামী পক্ষের কৌশলী ছিলেন একেএম শফিকুল আলম।

পরে দণ্ডিতদেরকে মেহেরপুর জেলা কারাগারে প্রেরণ করা হয়েছে।